



বিএইচএন/ দিবস/ ২০২০

২২ ফেব্রুয়ারী ২০২০

প্রেস বিজ্ঞপ্তি

বিষয়ঃ কেনিয়ার নাইরোবিতে যথাযথ মর্যাদায় মহান ভাষা শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপিত।

কেনিয়ার রাজধানী নাইরোবিতে যথাযথ মর্যাদা ও ভাবগম্ভীর পরিবেশে ২১ ফেব্রুয়ারি ২০২০ মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন করেছে দেশটির বাংলাদেশে হাই কমিশন। দিনের শুরুতে হাই কমিশনার মেজর জেনারেল মোঃ জাহাঙ্গীর কবির তালুকদার মিশন চত্বরে আনুষ্ঠানিকভাবে জাতীয় পতাকা অর্ধনমিত করেন এবং অস্থায়ীভাবে স্থাপিত শহিদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করেন।

দিবসের গুরুত্ব ও তাৎপর্য উপলক্ষ্যে সন্ধ্যায় মিশনে এক আলোচনা অনুষ্ঠানের আয়োজন করা হয়। প্রথমেই, মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রী, পররাষ্ট্র মন্ত্রী ও পররাষ্ট্র প্রতিমন্ত্রী'র বাণী পাঠ করা হয়। এরপর, আলোচনায় প্রবাসী বাংলাদেশি নাগরিকদের পাশাপাশি কেনিয়ার স্নানামধ্যন কেনিয়াট্রা বিশ্ববিদ্যালয়ের কিসওয়াহিলি ভাষা ও সাহিত্য বিভাগের চেয়ারপার্সন অধ্যাপক ডঃ পামেলা নাগুগি এবং আন্তর্জাতিক মাতৃভাষা বিষয়ক গবেষক টিমোথি কামাউ অংশ নেন। বক্তারা ৫২'র ভাষা শহিদদের অমর অবদান গভীর শ্রদ্ধায় স্মরণ করে বলেন বাংলাদেশের ভাষা আন্দোলন দেশে-দেশে মাতৃভাষা'র মর্যাদা রক্ষায় অনুপ্রেরণা দিয়েছে। হাই কমিশনার তাঁর বক্তব্যে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি শ্রদ্ধা নিবেদন করে সবাইকে মুজিব বর্ষের শুভেচ্ছা জানান। শহিদ ভাষা সৈনিকদের আত্মত্যাগ গভীর শ্রদ্ধায় স্মরণ করে তিনি বাংলাসহ অন্যান্য মাতৃভাষার মর্যাদা রক্ষায় নিজ নিজ অবস্থান থেকে সবাইকে সচেতন থাকতে বলেন। আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে ২১ ফেব্রুয়ারি'র স্বীকৃতি অর্জনে অসামান্য অবদানের জন্যে তিনি মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রতি কৃতজ্ঞতা জানান। বাংলাদেশ ও কেনিয়ার অধিকতর সাংস্কৃতিক সহযোগিতার উপর গুরুত্ব আরোপ করে আগামীতে কেনিয়ার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের যৌথ অংশগ্রহণে আন্তর্জাতিকে মাতৃভাষা দিবস উদযাপন করা হবে বলে তিনি দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন।


22/02/2020

(সোয়েম আহমেদ)
কাউন্সেলর ও দূতালয় প্রধান